# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website : www.bmeb.gov.bd

স্মারক নং বামাশিবো/পরী/জেডিসি-১৭/ ১১৯৪ তারিখঃ- ১০/০৭/২০১৭ইং।

## ২০১৭ সালের জেডিসি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত সকল মাদরাসা প্রধান ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ২০১৭ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার আবেদন ফরম on line এ পূরণ ও প্রযোজ্য ফি- বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করার তারিখ এবং নিয়মাবলী নিম্নরূপ।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | ক. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd সম্ভাব্য তালিকা প্রদর্শনের তারিখ | ২৬/০৭/২০১৭ |
| | খ. প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে on line এ আবেদন ফরম পূরণ ও website থেকে টিটি স্লিপ বের করার তারিখঃ **(বিলম্ব ফি দিয়ে আবেদন ফরম পূরনের সুযোগ নাই)** | ২৭/০৭/২০১৭ থেকে ০৮/০৮/২০১৭ পর্যন্ত |
| | গ. প্রয়োজনীয় ফি-সহ টিটি স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ | ১০-০৮-২০১৭ |
| | ঘ. চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা website এ প্রদর্শন | ১৩-০৮-২০১৭ |
| | ঙ. রেজিস্ট্রেশনে যে password ব্যবহার করা হয়েছে, সেই password দিয়ে on line-এ আবেদন ফরম পূরণ করতে হবে। | |
| | **পরীক্ষার ফি - এর হার ঃ** | |
| ২. | ক. পরীক্ষার ফি,পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।<br>খ. কেন্দ্র ফি,পরীক্ষার্থী প্রতি ১৫০.০০টাকা (পরীক্ষা শুরুর ১ সপ্তাহ পূর্বে প্রতিটি মাদরাসা প্রধান তাঁর পরীক্ষার্থীদের কেন্দ্র ফি এর টাকা সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করবেন)। | |
| ৩. | website থেকে প্রাপ্ত টিটি স্লিপের মাধ্যমে পরীক্ষার ফি নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা হিসাব নং ৩৩০০১০৩৫ সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,শাখায় প্রেরণ করতে হবে। কোন অবস্থাতে নগদ টাকা,ডিডি,পে-অর্ডার,মানিঅর্ডার,সিকিউরিটি ডিপোজিট রশিদ অথবা ট্রেজারি চালান গ্রহণ করা হবে না। | |
| ৪. | on line-এ ফরম পূরণের পর চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা (Final Candidates list) Down load করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধানের স্বাক্ষর প্রদান করে এক কপি তালিকা কেন্দ্র সচিবের নিকট ১৭/০৮/২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে। কেন্দ্র সচিব/তাঁর দায়িত্বশীল প্রতিনিধিকে কেন্দ্রস্থিত সকল মাদরাসার পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা এক কপি মাদরাসা শিক্ষা বোর্ডের জেডিসি পরীক্ষা শাখায় ২০/০৮/২০১৭ তারিখের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে **(ডাক যোগে গ্রহণ যোগ্য নয়)** এবং এক কপি মাদরাসায় সংরক্ষণ করতে হবে। | |
| ৫. | ক. ২০১৬ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১৭ সালে জেডিসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। | |
| | খ. ২০১৬ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীর মধ্যে যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালে জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে ৩ (তিন) বিষয় পর্যন্ত অকৃতকার্য হয়েছে তারা ইচ্ছে করলে ইতঃপূর্বে অকৃতকার্য বিষয় গুলো অথবা সকল বিষয় ২০১৭ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।<br>গ. রেজিস্ট্রেশন নবায়ন ঃ ২০১৫ সেশনের শিক্ষার্থী ২০১৬ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য (৪র্থ বিষয় বাদে) হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন সাপেক্ষে ২০১৭ সালের জেডিসি পরীক্ষায় উক্ত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। | |
| ৬. | **জিপিএ উন্নয়ন ঃ**<br>কেবল ২০১৬ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০১৭ সালের জেডিসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৭ সালের জেডিসি পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি চূড়ান্ত তালিকার সাথে জমা দিতে হবে। | |
| ৭. | **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনঃ** এক মাদরাসায় রেজিস্ট্রেনকৃত শিক্ষার্থী অন্য মাদরাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে মাদরাসা পরিবর্তনের বোর্ডের আদেশ (TC) থাকলে এ আদেশের সত্যায়িত ফটোকপিসহ আবেদন করতে হবে। | |
| ৮. | **পরীক্ষায় অংশগ্রহনের বিষয়/বিষয় সমূহঃ** পরীক্ষার্থীর রেজিঃ কার্ডে/প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের পূর্ব অনুমতি ব্যতীত বিষয় পরিবর্তন করে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয় সমূহ বাদ দিয়ে তার ফল প্রকাশ করা হবে। | |

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website : www.bmeb.gov.bd

| | |
|---|---|
| ৯. | **ধারাবাহিক মূল্যায়ন ঃ** এনসিটিবির নির্দেশণা অনুযায়ী কর্ম ও জীবনমুখী শিক্ষা (বিষয় কোড-১৪১) এবং শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (বিষয় কোড-১৪২) বিষয় দুইটি প্রতিষ্ঠান ভিত্তিক ধারাবাহিক মূল্যায়ন করতে হবে। শিক্ষার্থীদের প্রবেশপত্র পাওয়ার পর প্রত্যেকের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর প্রদান করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিতে হবে। কেন্দ্র সচিবগণ তাঁর আওতাধীন সকল মাদরাসা থেকে বিষয় দুইটির নম্বর সংগ্রহ করে বোর্ডের ওয়েবসাইটে অন-লাইনে প্রেরণ করতে হবে। |
| ১০. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৭ সালের জেডিসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলিটি সঠিকভাবে অনুসরণ করে যথা সময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |

১০/৭/২০১৭

(মোঃ নজমুল হুদা)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: : ৫৮৬১০২০২,ফ্যাক্স-৫৮৬১৭৯০৮
e-mail : controller@bmeb.gov.bd

স্মারক নং বামাশিবো/পরী/জেডিসি-১৭/ ১১৯৪ তারিখঃ- ১০/০৭/২০১৭ইং।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব,শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর।
৫. বোর্ডের সকল কর্মকর্তা,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,বকশি বাজার, ঢাকা।
৬. আইসিটি-ইনচার্জ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. সহকারী পরিদর্শক,আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
৮. অধ্যক্ষ/সুপার অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত দাখিল/আলিম মাদরাসা (সকল)।
৯. পি.এ.টু- চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরিদর্শক,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

১০/০৭/২০১৭

(মোঃ মুরশিদ আলম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন : ৯৬৭৫২৪৮